সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।
ফোন : ০২২৩৩৮৭২৬৩, ০২২৩৩৮৭৫৪০, ০২৪৭১১১২৮৩
ই-মেইল : dgmmdd@sonalibank.com.bd

প্রধান কার্যালয় পরিপত্র নম্বর : ১১
বিডিডি/সিআইবি চার্জ/পরিপত্র নম্বর : ২৭৪

তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০২৩

জেনারেল ম্যানেজার/কোম্পানি সেক্রেটারি/
চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/চিফ অডিট অফিসার/চিফ ইঞ্জিনিয়ার/
চিফ সিকিউরিটি অফিসার/চিফ ল' অফিসার/
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড,
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/স্থানীয় কার্যালয়/বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা/
রমনা কর্পোরেট শাখা/সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড/
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/সেল প্রধান/সকল প্রিন্সিপাল অফিস/
স্টাফ কলেজ/ট্রেনিং ইনস্টিটিউট/পরিদর্শন ও নিরীক্ষা দল/সকল কর্পোরেট শাখা ও সকল শাখা, বাংলাদেশ,
কলকাতা ও শিলিগুড়ি শাখা, ভারত।

**বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখ-১০ জুন ২০২১ এর প্রেক্ষিতে এ ব্যাংকের Schedule of Charges-এর CIB Charge পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ১০ জুন ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১১ এবং তৎপ্রেক্ষিতে বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশনের ২৮ জুন ২০২১ তারিখের পরিপত্র নং-২৬৩ ও এমআইএস এন্ড স্ট্যাটিসটিকস ডিভিশনের ০৭ সেপ্টেম্বর ২০১১ তারিখের ইস্তেহার পত্র নং-০১ (প্রধান কার্যালয় ইস্তেহার পত্র নং-৩২৩) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২.০০ : সূত্রোক্ত ইস্তেহারে বর্ণিত সিআইবি সার্ভিস চার্জ পুনঃনির্ধারণের বিষয়টি গত ০৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত সোনালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের ৮০৭ তম সভায় নিম্নরূপভাবে অনুমোদন করা হয়েছে।

| ক্রঃ নং | সেবার ধরণ | পুনঃনির্ধারিত চার্জ (টাকায়) |
|---|---|---|
| ০১। | ঋণ গ্রহীতা/প্রস্তাবিত ঋণগ্রহীতা ব্যক্তির (Individual) ক্ষেত্রে | ৩০০/- |
| ০২। | ঋণ গ্রহীতা/প্রস্তাবিত ঋণগ্রহীতা Proprietary Concern এর ক্ষেত্রে | ৫০০/- |
| ০৩। | ঋণ গ্রহীতা/প্রস্তাবিত ঋণগ্রহীতা Partnership প্রতিষ্ঠানের ক্ষেত্রে | ২০০/- |
| | এবং Partnership প্রতিষ্ঠানের প্রতিজন Partner এর ক্ষেত্রে | ২০০/- |
| ০৪। | ঋণ গ্রহীতা/প্রস্তাবিত ঋণগ্রহীতা Company এর ক্ষেত্রে | ৩০০/- |
| | এবং Company এর প্রতিজন Director এর ক্ষেত্রে | ২০০/- |
| ০৫। | New Contact Enquiry বা Existing Contact Enquiry এর মাধ্যমে ইনকোয়ারিকৃত ব্যক্তির স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সংক্রান্ত প্রতিটি Subject Link এর জন্য মোট ৫০.০০ টাকা এবং CIB Subject বা FI Subject Code ব্যবহার করে Check Enquiry এর জন্য Retrieve করা হলেও মোট ৫০.০০ টাকা। | ৫০/- |

৩.০০ : এমতাবস্থায়, পুনঃনির্ধারিত সিআইবি সার্ভিস চার্জ যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে। এ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত ইস্তেহার/ইস্তেহার পত্রের অন্যান্য শর্তাবলি/নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এতদ্‌সংক্রান্ত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে এ ডিভিশনের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জসীম উদ্দিন খান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

(মোঃ মনিরুজ্জামান)
জেনারেল ম্যানেজার

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

মুজিব শতবর্ষ
দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা থাকব সবার শীর্ষে

প্রধান কার্যালয় পরিপত্র নং- ২৬ তারিখ ঃ ২৮ জুন, ২০২১

বিডিডি/ডিডি/চার্জ/পরিপত্র নং-২৬৩

জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (ইনচার্জ)/কোম্পানী সেক্রেটারী/
চীফ ফিন্যান্সিয়াল অফিসার/চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/ চীফ অডিট অফিসার/
ডেপুটি জেনারেল ম্যানেজার/চীফ সিকিউরিটি অফিসার/ল'কনসালট্যান্ট/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার/স্থানীয় কার্যালয়, ঢাকা/রমনা কর্পোরেট শাখা, ঢাকা/
বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা/প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/ জেনারেল ম্যানেজার'স অফিস/
সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড/ প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/স্টাফ কলেজ/ট্রেনিং ইনস্টিটিউট/
সোনালী ব্যাংক লিমিটেড এর সকল শাখা,
বাংলাদেশ।

**বিষয় ঃ বিআরপিডি সার্কুলার নং-১১ তারিখ ১০ জুন, ২০২১ Master Circular on Schedule of Charge এর প্রেক্ষিতে এ ব্যাংকের Schedule of Charge হালনাগাদকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ১০ জুন, ২০২১ তারিখের Master Circular on Schedule of Charge সংশ্লিষ্ট বিআরপিডি সার্কুলার নং-১১ মোতাবেক এ ব্যাংকের Schedule of Charge-এর বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো ঃ-

(ক) আমানত সংক্রান্ত ঃ

(১) হিসাব খোলা(Account Opening) সঞ্চয়ী হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহকগণ ৫০০/- টাকা এবং চলতি হিসাব খোলার ক্ষেত্রে ১,০০০/-টাকা জমাকরণপূর্বক নিজ নিজ নামে ব্যাংক হিসাব খুলতে পারবেন। তবে, বিশেষ সুবিধাপ্রাপ্ত হিসাব খোলার ক্ষেত্রে ন্যূনতম জমার বাধ্যবাধকতা হতে অব্যাহতিপ্রাপ্ত থাকবে।

(২) হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) ঃ

ক) সঞ্চয়ী হিসাবঃ ১০,০০০/- টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে হিসাব রক্ষণাবেক্ষণ ফি আদায় করা যাবে না। ১০,০০০/- টাকার অধিক গড় আমানত স্থিতির ক্ষেত্রে প্রতি ষান্মাসিকে নিম্নবর্ণিত হারে হিসাব রক্ষণাবেক্ষণ ফি আদায় করা যাবে ঃ

i). ১০,০০০/- টাকার অধিক কিন্তু ২৫,০০০/- টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ১০০/- টাকা;

ii). ২৫,০০০/- টাকার অধিক কিন্তু ২.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ২০০/- টাকা;

iii). ২.০০ লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ২৫০/- টাকা;

iv). ১০.০০ লক্ষ টাকার অধিক গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ৩০০/- টাকা;

খ) চলতি হিসাবে প্রতি ষাণ্মাসিকে সর্বোচ্চ ৩০০/-টাকা ও Special Notice Deposit (SND) হিসাবে সর্বোচ্চ ৫০০/-টাকা আদায় করা যাবে।

গ) বিশেষ সুবিধাপ্রাপ্ত হিসাবসমূহে কোন প্রকার হিসাব রক্ষণাবেক্ষণ ফি আদায় করা যাবে না।

(৩) অন্য শাখায় হিসাব স্থানান্তর ঃ একই ব্যাংকের অন্য শাখায় হিসাব স্থানান্তরের ক্ষেত্রে একই জেলায় সর্বোচ্চ ৫০/- টাকা এবং অন্য জেলায় সর্বোচ্চ ১০০/- টাকা ফি আদায় করা যাবে।

(৪) Activation of Dormant Account বিভিন্ন ধরনের সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে Activation of Dormant Account বাবদ কোন চার্জ/ফি আদায় করা যাবে না।

(৫) মেয়াদপূর্ব নগদায়ন (Premature Encashment Fee) ফিঃ বিভিন্ন মাসিক সঞ্চয়ী হিসাব (ডিপোজিট পেনশন স্কীম) বা এফডিআর বা অন্য কোন মেয়াদী আমানত মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে নগদায়ন ফি (Premature Encashment Fee) বা অনুরুপ ফি আরোপ করা যাবে না।

চলমান পাতা নং-০২

(৬) হিসাব বন্ধকরণ ফি (Account Closing Fee) ঃ হিসাব বন্ধকরণের ক্ষেত্রে হিসাব বন্ধকরণ চার্জ হিসেবে সঞ্চয়ী হিসাবে সর্বোচ্চ ২০০/- টাকা, চলতি হিসাবে সর্বোচ্চ ৩০০/- টাকা এবং এসএনডি হিসাবে সর্বোচ্চ ৩০০/- টাকা আদায় করা যাবে। তবে, বিশেষ সুবিধাপ্রাপ্ত হিসাবসমূহে হিসাব বন্ধকরণ বাবদ কোন ফি আদায় করা যাবে না।

(৭) চেক বই ইস্যু ঃ বিভিন্ন ধরনের হিসাবের বিপরীতে চেক বই ইস্যুর ক্ষেত্রে প্রকৃত খরচের ভিত্তিতে (At actual) চার্জ নির্ধারণ করতে হবে। চেক বই হারানোর ক্ষেত্রে নতুন চেক বই ইস্যু বাবদ প্রকৃত খরচ ব্যতীত অতিরিক্ত চার্জ/প্রসেসিং ফি আদায় করা যাবে না।

(৮) **অন্যান্য ফি ঃ** বিভিন্ন ধরনের সঞ্চয়ী ও চলতি হিসাবে আরোপিত ন্যূনতম ব্যালেন্স ফি, ইনসিডেন্টাল চার্জ, লেজার ফি, সার্ভিস চার্জ, কাউন্টার ট্রানজেকশন ফি বা অনুরুপ ফি আদায় করা যাবে না।
('বিশেষ সুবিধাপ্রাপ্ত হিসাব' বলতে দেশের আর্থিক সেবা বঞ্চিত জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে আসার লক্ষ্যে কৃষক, বীর মুক্তিযোদ্ধা, দুঃস্থ, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোর, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী, তৈরী পোষাক শিল্পে কর্মরত শ্রমিক, পাদুকা ও চামড়াজাত পন্য প্রস্তুতকারী ক্ষুদ্র কারখানার কারিগর এবং স্কুল ব্যাংকিং হিসাবধারীদের ব্যাংক হিসাবসহ সব ধরনের ১০/-, ৫০/-ও ১০০/- টাকায় খোলা হিসাবসমূহ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অনুরূপ হিসাবসমূহকে বোঝাবে)।

**(খ) <u>ঋণ প্রদান সংক্রান্ত ঃ</u>**

(১) ঋণ প্রসেসিং ফি (Loan Processing Fee) হিসাবে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে মোট মঞ্জুরীকৃত ঋণের সর্বোচ্চ ০.৫০% আদায় করা যাবে, তবে এর পরিমান ১৫,০০০/- টাকার অধিক হবে না। ৫০.০০ লক্ষ টাকার অধিক পরিমান ঋণের ক্ষেত্রে এ হার হবে সর্বোচ্চ ০.৩০% তবে এর পরিমান ২০,০০০/- টাকার অধিক হবে না।

(২) ঋণ আবেদন ফি (Loan Application Fee) নামে কোন ফি আদায় করা যাবে না।

(৩) কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ(CMSME) এবং কৃষি খাতে ঋণ পুনঃতফসিলিকরণ/পুনর্গঠনের ক্ষেত্রে ঋণ প্রসেসিং/পুনঃতফসিলিকরণ/পুনর্গঠন ফি (Loan Processing/Reschedule/Restructure Fee) ইত্যাদি নামে কোন ফি/চার্জ/কমিশন আদায় করা যাবে না। তবে সিএমএসএমই ও কৃষি খাত ব্যতীত অন্যান্য খাতে ঋণ পুনঃতফসিলিকরণ/পুনর্গঠনের ক্ষেত্রে পুনঃতফসিলিকরণ/পুনর্গঠন ফি(Reschedule/Restructure Fee) বাবদ সর্বোচ্চ ০.২৫% আদায় করা যাবে, তবে এর পরিমান ১০,০০০/- টাকার অধিক হবে না।

(৪) ঋণ প্রদানের ক্ষেত্রে ডকুমেন্টেশন ফি (Documentation Fee), সিআইবি চার্জ(CIB Charge), স্ট্যাম্প চার্জ (Stamp Charge) এবং আইনী ও জামানত মূল্যায়ন ফি (Legal and Valuation Fee) প্রকৃত ব্যয়ের (At Actual) ভিত্তিতে নির্ধারিত হবে।

(৫) রপ্তানী ঋণসহ যে কোন ধরনের ঋণের ক্ষেত্রে সুদ/মুনাফা হারের অতিরিক্ত কোন সার্ভিস চার্জ, ঋণ ব্যবস্থাপনা ফি, মনিটরিং/সুপারভিশন চার্জ ঝুঁকি প্রিমিয়াম বা অনুরুপ অন্য যে কোন নামে অতিরিক্তি কোন ফি/চার্জ/কমিশন আরোপ/আদায় করা যাবে না।

(৬) গ্রাহক কর্তৃক গৃহীত ঋণ নির্দিষ্ট মেয়াদের পূর্বে পরিশোধের ক্ষেত্রে বকেয়া ঋণের সর্বোচ্চ ০.৫০% Early Settlement Fee বা অনুরুপ ফি আদায় করা যাবে। তবে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে প্রদত্ত ঋণ এবং চলতি ঋণ বা ডিমান্ড লোন এর ক্ষেত্রে মেয়াদপূর্তির পূর্বে সমন্বয়ের ক্ষেত্রে Early Settlement Fee বা অনুরুপ ফি আদায় করা যাবে না।

**(গ) স্থানীয় ও বৈদেশিক বাণিজ্য/রেমিট্যান্স সংক্রান্ত ঃ**

(১) ১০০% নগদ মার্জিনে এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.২৫%, ডেফার্ড/ইউজান্স (usance) এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৫০% এবং সাইট ও ব্যাক টু ব্যাকসহ অন্যান্য এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৪০% নির্ধারন করা যাবে।

(২) এলসি ট্রান্সমিশন, এলসি অ্যামেন্ডমেন্ট, কনফারমেশন, ক্যানসেলেশন, ফরেন করেসপন্ডেন্ট চার্জ এর ক্ষেত্রে মেইলিং, কুরিয়ার, টেলেক্স, সুইফট ইত্যাদি ক্ষেত্রে প্রকৃত ব্যয়ের ভিত্তিতে (At Actual) চার্জ নির্ধারন করা যাবে।

চলমান পাতা নং-০৩

(৩) এলসি এডভাইসিং চার্জ, এলসি অ্যামেন্ডমেন্ট চার্জ ও এলসি ট্রান্সফার চার্জ বাবদ সর্বোচ্চ ৭৫০/- টাকা নির্ধারন করা যাবে।

(৪) এলসি এ্যাকসেপটেন্স চার্জ প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৪০% এবং এলসি কনফারমেশন চার্জ প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.২০% নির্ধারন করা যাবে।

(৫) ফরেন করেসপন্ডেন্ট চার্জ(স্থানীয় অংশ), ডাটা ম্যাক্স, হ্যান্ডেলিং চার্জ, কপি ডকুমেন্ট এনডোর্সমেন্ট চার্জ, এলসি বাতিল কিংবা মেয়াদোত্তীর্ণ অব্যবহৃত এলসি চার্জ আদায় করা যাবে না।

(৬) রপ্তানী বিল নেগোসিয়েশন কমিশন ও রপ্তানী বিল কালেকশন কমিশন সর্বোচ্চ ০.১৫% নির্ধারিত হবে। তবে রপ্তানী বিল নেগোসিয়েশন ও কালেকশনের ক্ষেত্রে যেখানে বৈদেশিক মুদ্রা বিনিময়ের মাধ্যমে exchange gain হয় সেক্ষেত্রে কমিশন বাবদ ৫০০/- টাকার অধিক আদায় করা যাবে না।

(৭) ব্যাক টু ব্যাক এলসি সার্টিফিকেট ইস্যুর চার্জ, সিএন্ডএফ সার্টিফিকেট ইস্যুর চার্জ, রপ্তানী মূল্য আদায়ের সার্টিফিকেট (Proceed Realization Certificate or PRC) ইস্যুর চার্জ ৫০০/- টাকার অধিক আদায় করা যাবে না।

(৮) ব্যাংক গ্যারান্টি প্রদানের ক্ষেত্রে কমিশন বাবদ ত্রৈমাসিক ভিত্তিতে সর্বোচ্চ ০.৫০% এবং নুন্যতম ১০০০/- টাকা নির্ধারন করা যাবে।

(৯) এলসি খোলা/এলসি এ্যাকসেপটেন্স/এলসি কনফারমেশন/ ব্যাংক গ্যারান্টি এক ত্রৈমাসিক বা এর চেয়ে কম সময়ের জন্য প্রদত্ত হলে সেক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় সর্বোচ্চ এক ত্রৈমাসিকের সমপরিমান চার্জ/কমিশন আদায় করতে পারবে। তবে, মেয়াদ যদি এক ত্রৈমাসিকের চেয়ে বেশী সময়ের জন্য হয় সেক্ষেত্রে যে তারিখে মেয়াদ পূর্ণ হবে শুধুমাত্র ঐ নির্ধারিত তারিখ পর্যন্ত সময়কালের জন্য চার্জ/কমিশন আদায় করা যাবে।

(১০) বৈদেশিক মুদ্রায় ডিমান্ড ড্রাফট(DD), টেলিগ্রাফিক ট্রান্সফার (TT),মেইল ট্রান্সফার (MT) প্রভৃতি ইন্সট্রুমেন্ট ইস্যুর ক্ষেত্রে অনধিক ১,০০,০০০/- টাকা সমপরিমান বৈদেশিক মুদ্রার ক্ষেত্রে সর্বোচ্চ ১০০/- টাকা, ১,০০,০০১/- হতে অনধিক ৫,০০,০০০/- টাকা পর্যন্ত সর্বোচ্চ ২০০/- টাকা, ৫,০০,০০১/- হতে অনধিক ১০,০০,০০০/- টাকা পর্যন্ত সর্বোচ্চ ৩০০/-টাকা এবং ১০,০০,০০০/- টাকার অধিক সমপরিমাণ বৈদেশিক মুদ্রার ক্ষেত্রে সর্বোচ্চ ৫০০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে। ইন্সট্রুমেন্টসমূহ বাতিলের ক্ষেত্রে প্রতিবার সর্বোচ্চ ২০০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে।

(ঘ) <u>হিসাব সংক্রান্ত ও অন্যান্য ঃ</u>

(১) স্থিতি নিশ্চিতকরণ সনদ ফি (Balance Confirmation Certificate Fee) ঃ ষান্মাসিক ও বাৎসরিক ভিত্তিতে অর্থাৎ বছরে দু'বার ব্যাংকের আমানত ও ঋণ হিসাবধারী প্রত্যেক গ্রাহককে হিসাবের স্থিতি নিশ্চিতকরণ সনদ (হিসাব বিবরণীসহ) প্রদানের জন্য কোন চার্জ/ফি আদায় করা যাবে না। তবে, গ্রাহককে বছরে দু'বারের বেশী এ সনদ (হিসাব বিবরণীসহ) গ্রহণ করতে হলে সে ক্ষেত্রে প্রতিবার সর্বোচ্চ ১০০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে।

(২) স্বচ্ছলতা সনদ (Solvency Certificate) ঃ স্বচ্ছলতা সনদ প্রদানের ক্ষেত্রে প্রতিবার সর্বোচ্চ ২০০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে।

(৩) চেক ফেরতের ক্ষেত্রে প্রতিবার সর্বোচ্চ ৫০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে।

(৪) বিও সনদ (Beneficiary Owner's Certificate) ঃ বিও একাউন্ট (Beneficiary Owner's Account) খোলার ক্ষেত্রে বিও সনদ প্রদানের চার্জ সর্বোচ্চ ১০০/- টাকা আদায় করা যাবে।

(৫) অর্থ প্রদান নির্দেশনা স্থগিতকরণ (Stop Payment Instruction) ঃ গ্রাহক কর্তৃক হিসাব/চেকে প্রদত্ত অর্থ প্রদান নির্দেশনা ( Payment Instruction) স্থগিতকরণ চার্জ প্রতিবার অনুরোধের ক্ষেত্রে সর্বোচ্চ ১০০/- টাকা এবং অর্থ প্রদান নির্দেশনা স্থগিতকরণ বাতিলের ক্ষেত্রে প্রতিবার অনুরোধে সর্বোচ্চ ৫০/- টাকা আদায় করা যাবে।

(৬) পে-অর্ডার (PO) ঃ ইস্যুর ক্ষেত্রে অনাধিক ১,০০০/- টাকা পর্যন্ত সর্বোচ্চ ২০/- টাকা, ১,০০১/- হতে অনাধিক ১,০০,০০০/- টাকা পর্যন্ত সর্বোচ্চ ৫০/- টাকা এবং ১,০০,০০০/- টাকার অধিক পরিমাণের ক্ষেত্রে সর্বোচ্চ ১০০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে। পে-অর্ডার বাতিলের ক্ষেত্রে প্রতিবার সর্বোচ্চ ৫০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে।

(৭) ডিমান্ড ড্রাফট (DD), টেলিগ্রাফিক ট্রান্সফার (TT), মেইল ট্রান্সফার (MT) প্রভৃতি ইন্সট্রুমেন্ট ইস্যুর ক্ষেত্রে অনধিক ১,০০০/- টাকা পর্যন্ত সর্বোচ্চ ২০/- টাকা, ১,০০১/- হতে অনধিক ১,০০,০০০/- টাকা পর্যন্ত সর্বোচ্চ ৫০/- টাকা ১,০০,০০১/- হতে অনধিক ৫,০০,০০০/- টাকা পর্যন্ত সর্বোচ্চ ১০০/-টাকা, ৫,০০,০০১/- হতে অনধিক ১০,০০,০০০/- পর্যন্ত সর্বোচ্চ ২০০/-টাকা এবং ১০,০০,০০০/- টাকার অধিক পরিমাণের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে। ইন্সট্রুমেন্টসমূহ বাতিলের ক্ষেত্রে প্রতিবার সর্বোচ্চ ৫০/- টাকা চার্জ/ফি আদায় করা যাবে।

উল্লেখ্য, করোনাভাইরাস সংক্রমণজনিত কারনে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহিত করার লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতিবিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে বছরে দুইবারের পরিবর্তে একবার Account Maintenance Fee আদায় সংক্রান্ত ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ১১ এপ্রিল, ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-২১ (০৫ মে, ২০২১ তারিখে জারীকৃত এ ব্যাংকের পরিপত্র নং-১৩) ২০২১ পঞ্জিকা বছরের জন্য বহাল থাকবে। **এতদ্ব্যতীত, এ ব্যাংকের শিডিউল অব চার্জেস এর বিদ্যমান নীতিমালায় ডেবিট কার্ড ফি, ক্রেডিট কার্ড ফি, প্রি-পেইড কার্ড ফি, অন লাইন সার্ভিস চার্জ ফি, লকার ফি, কালেকশন অব চেক/বিলস, স্ট্যান্ডিং ইন্সট্রাকশন ফি,পার্সেল চার্জ, ইনল্যান্ড বিল পারচেজড চার্জ ইত্যাদি বিষয়ের উল্লেখ থাকলেও আলোচ্য সার্কুলারে এ সকল বিষয়ে কোনো নির্দেশনা প্রদান করা হয়নি বিধায় বাংলাদেশ ব্যাংক হতে পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত সংশ্লিষ্ট বিষয়ে চলমান নির্দেশনা বহাল থাকবে।**

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে অনুরোধ জানানো হলো।

আপনার বিশ্বস্ত,

(শাহনাজ বেগম)
ডেপুটি জেনারেল ম্যানেজার

(মোঃ বিল্লাল হোসেন)
জেনারেল ম্যানেজার